অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং মেয়র ডি ব্লাসিও MTA-র পুনর্গঠন এবং অর্থায়ন করতে 10-পয়েন্ট পরিকল্পনা ঘোষণা করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং মেয়র বিল ডি ব্লাসিও আজ মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথোরিটিকে (Metropolitan Transportation Authority, MTA) পুনর্গঠন করার এবং এজেন্সিটির জন্য নিবেদিত এবং দীর্ঘস্থায়ী অর্থ সরবরাহের উৎস তৈরি করার প্রস্তাব ঘোষণা করেছেন। প্রস্তাবটি সংকোচন মূল্য এবং MTA কে স্বীকৃতি দেওয়ার একটি পরিকল্পনার যৌথ অনুমোদনকে অন্তর্ভূক্ত করে।

1. এজেন্সিটিকে আরও দক্ষ এবং কার্যকর করে তুলতে MTA একটি পুনর্গঠনের পরিকল্পনা তৈরি করবে। মান্ধাতার আমলের কাঠামোটি মৌলিকভাবে 6 টি বিদ্যমান স্বত্বার কেন্দ্রীভূত সাধারণ কার্যকারিতায় পরিবর্তিত হবে। বর্তমানে - NYCTA, LIRR, মেট্রো-নর্থ (Metro-North), MTA ক্যাপিটাল কনস্ট্রাকশন (MTA Capital Construction), MTA বাস (MTA Bus), SI রেলওয়ে (SI Railway) - 6 টি পৃথক স্বত্বা হিসাবে কাজ করে। এই 1968 সালের- ডিজাইন করা "হোল্ডিং কোম্পানি" কাঠামো সমন্বয় সাধনকে আরও কঠিন এবং ব্যয়বহুল করে তুলেছে। নির্মাণ ব্যবস্থাপনা, আইন, ইঞ্জিনিয়ারিং, আহরণ, মানব সম্পদ, বিজ্ঞাপন ইত্যাদির মত সমস্ত সাধারণ কার্যাবলী একটি কেন্দ্রীয় কার্যপ্রণালীর অধীনে একীভূত এবং বিঘ্নহীন করা হবে। স্বতন্ত্র বিভাগগুলি তাদের প্রাথমিক কার্যাবলীর দৈনন্দিন ব্যবস্থাপনায় মনোনিবেশ করবে। পুনর্গঠনের পরিকল্পনাটি এই বছরের জুন নাগাদ সম্পূর্ণ হবে। পুনর্গঠনের পরিকল্পনাটিতে অবশ্যই সংস্কৃতির একটি পরিবর্তন সংযুক্ত থাকতে হবে, যা বেসরকারী সংস্থা এবং অন্য সিটি ও স্টেট থেকে নতুন এবং সম্প্রতি নিযুক্ত এবং মাঝারি-পর্যায়ের পরিচালনকারীদের থেকে আনকোরা ধারণা এবং নতুন দৃষ্টিকোণ সৃষ্টি করবে।

2. MTA পুনর্গঠন পরিকল্পনা একটি সংকোচন মূল্যের অর্থায়ন মডেলকে অন্তর্ভূক্ত করবে। ম্যানহাটনে 61st St. এর দক্ষিণ রাস্তা হিসাবে সংজ্ঞায়িত সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট (Central Business District, CBD) এর পরিসীমায় ইলেকট্রনিক টোলিং ডিভাইস ইনস্টল করা হবে। FDR ড্রাইভকে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে অন্তর্ভূক্ত করা হবে না। ইলেকট্রনিক টোলিং সিস্টেম, মনোনিত ক্রসিং থেকে ম্যানহাটনে প্রবেশ করা চালকদের দ্বারা আগে প্রদান করা টোলগুলির হিসাব রাখবে। একটি সংকোচন মূল্য পরিকল্পনা সম্পন্ন করতে সংকোচন পরিকাঠামো ইনস্টলেশন সময়মতো সম্পূর্ণ করা নিশ্চিত করার উদ্দেশ্যে, এবং সিটির রাস্তাগুলিতে পরিকাঠামো ইনস্টলেশনের ব্যবহার ও তাদের প্রভাবিত করার উদ্দেশ্যে ক্যাশলেশ টোলিং সিস্টেম চালানো এবং পরিচালনার জন্য TBTA এর দক্ষতা উপলব্ধি করার জন্য নিউ ইয়র্ক সিটি এবং MTA এর মধ্যে একটি MOU সাপেক্ষে সিস্টেমটি ইনস্টল করা ও চালিত হবে। ব্যস্ত না থাকা সময়ে যাতায়াতের জন্য ডিসকাউন্টের মাধ্যমে টোল আলাদা করা হবে। আপৎকালীন গাড়ীগুলিকে সংকোচন মূল্যের টোলগুলির বাইরে রাখা হবে। প্রতিবন্ধী ব্যক্তিদের দ্বারা চালিত বা তাদের নিয়ে যাতায়াত করা গাড়ীগুলি এবং CBD তে থাকা চিকিৎসা সুবিধাগুলিতে অ্যাক্সেস করতে অসুবিধা হয় বা সীমিত অ্যাক্সেসযুক্ত শনাক্তকরণযোগ্য ব্যক্তিবর্গ সহ CBD তে প্রবেশ করা একটি সীমিত গোষ্ঠির গাড়ীগুলিকে অন্যান্য ছাড় বা ডিসকাউন্ট দেওয়া হবে। সংকোচন মূল্যের টোলগুলিকে নিউ ইয়র্ক সিটিতে

বিক্রয়ের থেকে উদ্ভূত নতুন ইন্টারনেট বিক্রয়ের একটি স্থায়ী পরিমাণের স্টেট ও সিটির রাজস্ব থেকে, এবং স্টেট ও সিটির ক্যানাবিস এক্সসাইজ ট্যাক্সের একটি শতাংশ থেকে ভর্তুকি দেওয়া হবে। সংকোচন মূল্যের রাজস্ব এবং এই দুটি কর, সাবওয়ে সিস্টেম, নতুন সিগনালিং, নতুন সাবওয়ে গাড়ী, ট্র্যাক ও গাড়ী মেরামত, অ্যাক্সেসযোগ্যতা, বাস ও বাস সিস্টেম উন্নয়ন এবং সীমিত গণ পরিবহনের বিকল্প থাকা বাইরের বরোগুলির অঞ্চলে যানবাহনের উপলব্ধতা সম্প্রসারণে আরও বিনিয়োগকে অগ্রাধিকার দিয়ে, MTA এর মূলধনী প্রয়োজন পূরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় অর্থ যোগানের উৎস প্রদান করার জন্য একটি 'লকবক্স' এ রাখা হবে। ইলেকট্রনিক পরিকাঠামো সঠিক জায়গায় বসানো হলে এবং একটি মূলধনী পরিকল্পনা চূড়ান্ত হয়ে গেলে টোলগুলি নির্ধারিত হবে কিন্তু কোনো অবস্থাতেই 2020 ডিসেম্বরের পরে নয়।

3. ভবিষ্যত বছরগুলিতে MTA ভাড়াগুলি অবশ্যই ব্যয় নিয়ন্ত্রণ পদক্ষেপ এবং উন্নত পরিচালনা দ্বারা নিয়ন্ত্রণ করতে হবে। MTA গণপরিবহনের ভাড়া বাড়াতে পারবে যা প্রতি বছর মুদ্রাস্ফীতি জনিত মূল্যবৃদ্ধির 2% পর্যন্ত সীমিত।

4. সমস্ত MTA বোর্ড অ্যাপয়েন্টমেন্টগুলো পরিবর্তিত হবে যাতে নিযুক্ত নির্বাচিত কর্মকর্তাদের কাজের মেয়াদের সাথে সমস্ত শর্তাবলী শেষ হয়ে যায়।

5. ভাড়া না দিয়ে নেমে যাওয়ার সাথে লড়াই করতে স্টেট এবং সিটির মধ্যে অংশীদারীত্ব প্রয়োজন। আমরা একটি স্বেচ্ছা ভাড়া পদ্ধতি রাখতে পারব না এবং তবুও একটি পদ্ধতি বজায় রাখব যা কর্মক্ষম থাকার স্থায়িত্ব নিশ্চিত করে। স্টেট কর্মী এবং স্টেশন ডিজাইন পরিবর্তন উভয়কে নিয়ে একটি আইন প্রণয়ন কৌশল গঠন করতে MTA, সিস্টি এবং ডিস্ট্রিক্টের আইনজীবিদের নিয়ে কাজ করবে যা ভাড়া না দিলে তাকে অপরাধী করবে না কিন্তু তার পরিবর্তে ভাড়া না দিয়ে যাতে পালাতে না পারে তা আটকাতে, লঙ্ঘনকারীদের জরিমানা করতে এবং আইন কঠোর করবে।

6. তাদের প্রকৃত সম্পত্তি ও দায়গুলি নির্ধারণ করতে MTA একটি স্বতন্ত্র অডিট করবে। প্রারম্ভিক অডিটটি জানুয়ারি 2020-র মধ্যে শেষ করতে হবে। তারা যে পূর্বাভাস, অনুমান এবং মূলধনী পরিকল্পনার প্রস্তাব করবে তা আর্থিক সক্ষমতা সাপেক্ষ।

7. মূলধনী পরিকল্পনা পরিবহন, ইঞ্জিনিয়ারিং এবং সরকারী বিশারদদের একটি কমিটি দ্বারা পর্যালোচনা করা হবে যাদের MTA (আঞ্চলিক ট্রানজিট কমিটি (Regional Transit Committee, RTC)) এর সাথে আগে থেকে কোনো আর্থিক সম্পর্ক নেই। কমিটিতে গভর্নর, মেয়র, স্টেট অ্যাসেমব্লী এবং সেনেট, এবং সাবওয়ে রাইডার্স এবং যারা গাড়ী চালান তাদের প্রতিনিধিত্ব করা সংস্থা দ্বারা কর্মী নিযুক্ত করা হবে। মূলধনী পরিকল্পনায় প্রয়োজনীয় অর্থ যোগান দিতে MTA যে টোল ও ভাড়া বৃদ্ধির প্রস্তাব দেবে RTC সেটিও পর্যালোচনা করবে।

8. MTA এর "ডিজাইন বিল্ড" হিসাবে অনুসৃত সমস্ত মুখ্য নির্মাণ প্রকল্প এবং পরিকল্পিত প্রকল্পগুলি থাকবে। প্রাথমিকভাবে প্রকল্পের ব্যয় এবং সময়ের উপর ভিত্তি করে শুধুমাত্র একটি বেসরকারী ক্ষেত্রে প্রতিযোগিতায় বিড করার জন্য প্রয়োজনীয় জায়গা পর্যন্ত MTA প্রারম্ভিক ড্রয়িংগুলি করবে। পারফরমেন্সের জন্য পুরষ্কার বা তিরষ্কার সহ নির্বাচনগুলি করা হবে। সমস্ত মুখ্য নির্মাণ প্রকল্পগুলি নির্মাণ এবং ইঞ্জিনিয়ারিং বিশারদেরা পর্যালোচনা করবেন যারা MTA বা তাদের পরামর্শদাতাদের সাথে সম্বন্ধযুক্ত নন। অত্যাধুনিক ডিজাইন এবং প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে এটি নিশ্চিত করতে নির্মাণ পর্যালোচনাকারী দলের নেতৃত্বে থাকবেন কর্নেল স্কুল অফ

ইঞ্জিনিয়ারিং (Cornell School of Engineering) এবং কলোম্বিয়া স্কুল অফ ইঞ্জিনিয়ারিং (Columbia School of Engineering) এর ডিন। এই গোষ্ঠিটি সিগনাল সিস্টেম আপগ্রেড করার পদ্ধতিও পর্যালোচনা করবে এবং নিরাপত্তা, সময়ানুবর্তিতা এবং ব্যয়ের জন্য বিশেষ করে যোগাযোগ ভিত্তিক ট্রেন নিয়ন্ত্রণ (Communications Based Train Control, CBTC) এর সাথে আল্ট্রা-ওয়াইড-ব্যান্ড (Ultra-Wide-Band, UWB) প্রযুক্তির তুলনা করে কোন সিস্টেমটি ব্যবহার করলে সবথেকে ভালো হবে তা স্থির করবে। ব্যর্থ কন্ট্রাক্টরদের নিষিদ্ধ করতে MTA আরও আগ্রাসী হবে।

9. MTA অবিলম্বে সাবওয়ে অ্যাক্সন প্ল্যানের শেষ হওয়া দ্রুততর করবে যার মধ্যে আছে: সিগনাল মেরামত; জল ব্যবস্থাপনা; স্টেশনের উন্নতিবিধান; রেল ওয়েল্ডিং; ঘর্ষণ প্যাড ইনস্টলেশন; বর্ধিত সংস্কারের প্রচেষ্টা; এবং অন্যান্য পরিষেবার উন্নতিবিধান।

10. বিধিগুলিকে এই কাঠামোয় কার্যকর করতে গভর্নর এবং মেয়র আইন প্রণয়নকারীর সাথে একযোগে কাজ করবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন